

# **■■** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৩

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

بَابُ الْإِيْمَانِ بِالْقَدْرِ

### আরবী

وَعَن سهل بن سَعِيدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ الْعَبْدَ لَيَعْمَلُ عَمَلَ أَهْلِ النَّارِ وَإِنَّهُ مِنْ أَهْلِ الْجَنَّةِ وَيَعْمَلُ عَمَلَ أَهْلِ الْجَنَّة وَإِنَّهُ مِنْ أَهْلِ النَّارِ وَإِنَّمَا الْعَمَّالِ بَالْخُواتِيمِ» بالخواتيم»

#### বাংলা

৮৩-[৫] সাহল ইবনু সা'দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন বান্দা জাহান্নামীদের আ'মাল করতে থাকবে, অথচ সে জান্নাতী। এভাবে কেউ জান্নাতীদের আ'মাল করবে অথচ সে জাহান্নামী। কেননা মানুষের আ'মাল নির্ভর করে 'খাওয়া-তীম' বা সর্বশেষ আ'মালের উপর। (বুখারী, মুসলিম)[1]

# **English**

Chapter: Belief in the Divine Decree - Section 1

Sahl b. Sa'd reported God's messenger as saying, "One man does the deeds of those who go to hell but is one of those who go to paradise, and another does the deeds of those who go to paradise but is one of those who go to hell, for judgment is given according to one's final actions."

(Bukhari and Muslim).

# ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬৬০৭, মুসলিম ১১২, আহমাদ ২২৮৩৫, মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৫৭৯৮। বুখারী মুসলিমে فَيْمَا يَرَى النَّاسُ অংশটুকু অতিরিক্ত রয়েছে। অর্থাৎ- হে 'আয়িশাহ্! তুমি কি তোমার বিশ্বাসানুপাতে এ



কথা বলেছ। অথচ বাস্তবতা এর বিপরীত। কারণ নিশ্চিতভাবে বলা যাবে না যে, সে শিশুটি জান্নাতী।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنَّمَا الْأَعْمَالُ بِالْخَوَاتِيمِ) সর্বশেষ আ'মালই ধর্তব্য। অর্থাৎ- পূর্বেকার আ'মাল ধর্তব্য নয়, শেষ আ'মালই ধর্তব্য।

অত্র হাদীসের শিক্ষাঃ

- (১) আনুগত্যের উপর অটল থাকা এবং অন্যায় কাজ থেকে বিরত থেকে সময়ের হিফাজত করার প্রতি উৎসাহ প্রদান করা হয়েছে। কেননা যে কোন সময়ের আ'মালই তার সর্বশেষ আ'মাল হতে পারে।
- (২) অনুরূপভাবে ভালো কাজ করতে পেরে আনন্দিত হওয়া ও অহংকার করা থেকে সতর্ক করা হয়েছে। কেননা সে অবহিত নয় যে, পরবর্তীতে তার কি ঘটবে।

এ হাদীস তাদের বিরুদ্ধে স্পষ্ট দলীল যারা বলেন যে, মানুষ তার নিজ বিষয় নিজেই নির্ধারণ করতে সক্ষম তা ভালো হোক আর মন্দ হোক।

### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন